রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ২০, ২০০৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অর্থ মন্ত্রণালয়**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**[মূল্য সংযোজন কর]**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৫ই জ্যৈষ্ঠ ১৪১১/১৯শে মে ২০০৪

**এস আর ও নং ১৩৫-আইন/২০০৪/৪০৭-মূসক।**—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২, ধারা ৬ এর উপ-ধারা (৪ক) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এর H.S. Code No. 3401.11.00 এর আওতাধীন ও যান্ত্রিক পদ্ধতিতে উৎপাদিত টয়লেট সাবান এর উপর প্রযোজ্য মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আদায়ের উদ্দেশ্যে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রয়োগ।**—(১) এই বিধিমালা টয়লেট সাবানের প্যাকেটে স্ট্যাম্প ব্যবহার পদ্ধতি বিধিমালা, ২০০৪ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা Customs Act, 1969 (IV of 1969) এর section 219 এর অধীন জারীকৃত জাতীয় রাজস্ব বোর্ডের ২রা আগস্ট, ২০০৩ ইং তারিখের প্রজ্ঞাপন নং S.R.O. 23-Law/2003/2015/Cus এ সংজ্ঞায়িত Privileged Person এর নিকট বিক্রয়ের উদ্দেশ্যে উক্ত Act এর section 13 এর আওতায় বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি ব্যতীত আইনের ধারা ১৫ এর অধীনে নিবন্ধিত উৎপাদনকারী বা আমদানিকারক কর্তৃক টয়লেট সাবান বাংলাদেশে উৎপাদন বা প্রস্তুতকরণের ক্ষেত্রে বা আমদানির ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "আইন" অর্থ মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন);

(খ) "আমদানিকারক" অর্থ টয়লেট সাবান আমদানিকারক;

(গ) "উৎপাদনকারী" অর্থ টয়লেট সাবান উৎপাদনকারী;

(ঘ) "কর" অর্থ মূল্য সংযোজন কর;

(ঙ) "তফসিল" অর্থ এই বিধিমালার তফসিল;

(চ) "ফরম" এই বিধিমালার ফরম;

(ছ) "স্ট্যাম্প" অর্থ আইনের ধারা ৬ এর উপ-ধারা (৪ক) এর ব্যাখ্যায় বর্ণিত স্ট্যাম্প।

৩। **স্ট্যাম্প ব্যবহারের তারিখ নির্ধারণ।**—উৎপাদনকারী এবং আমদানিকারক কর্তৃক উৎপাদিত বা আমদানিকৃত টয়লেট সাবানের প্যাকেটে ১লা জুন, ২০০৪ তারিখ হইতে এই বিধিমালার অধীন স্ট্যাম্প ব্যবহার করিতে হইবে মর্মে নির্ধারণ করা হইল।

৪। **স্ট্যাম্পের রং, আকার, ডিজাইন ও মূল্যমান।**—টয়লেট সাবানের প্যাকেটে ব্যবহৃতব্য স্ট্যাম্পের রং, আকার, নিরাপত্তামূলক বৈশিষ্ট্য সম্বলিত ডিজাইন এবং মূল্যমান তফসিল অনুযায়ী নির্ধারিত হইবে।

৫। **উৎপাদনকারী বা আমদানিকারক কর্তৃক স্ট্যাম্প সংগ্রহ।**—(১) উৎপাদিত বা আমদানিকৃত টয়লেট সাবানের প্যাকেটে ব্যবহারের উদ্দেশ্যে উৎপাদনকারী বা আমদানিকারককে বোর্ড কর্তৃক, সময় সময়, জারীকৃত নির্দেশনা অনুসারে ব্যান্ডরোল সংগ্রহ করিতে হইবে।

(২) আমদানিকারককে টয়লেট সাবান আমদানিকালে শুল্ক কর্তৃপক্ষের নিকট এই মর্মে প্রত্যয়নপত্র দাখিল করিতে হইবে যে, উপ-বিধি (১) এ বর্ণিত টয়লেট সাবানের প্যাকেটে স্ট্যাম্প লাগানোর জন্য তাহার ব্যবসাস্থলে এপ্লিকেটর মেশিন স্থাপিত আছে।

(৩) উপ-বিধি (২) এ বর্ণিত প্রত্যয়নপত্র সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা কর্তৃক প্রদত্ত হইতে হইবে।

৬। **স্ট্যাম্প লাগানোর পদ্ধতি।**—(১) টয়লেট সাবানের প্যাকেটে উৎপাদনকারী কর্তৃক উৎপাদন ও প্যাকিং পর্যায়ে, এবং আমদানিকারক কর্তৃক সরবরাহের পূর্বে, এপ্লিকেটর মেশিন দ্বারা যান্ত্রিক পদ্ধতিতে নিরাপত্তা ফয়েলসম্বলিত স্ট্যাম্প লাগাইতে হইবে।

(২) উপ-বিধি (১) এ বর্ণিত টয়লেট সাবানের প্যাকেটের দুই প্রান্তে হট স্ট্যাম্পিং পদ্ধতিতে এমনভাবে স্ট্যাম্প এমনভাবে লাগাইতে হইবে যাহাতে প্যাকেটের মুখ খুলিবার সময় প্যাকেটটি ছিড়িয়া যায় বা অকেজো হইয়া যায় বা ব্যবহারের অযোগ্য হইয়া যায়।

৭। **নষ্ট হওয়া স্ট্যাম্প সংক্রান্ত বিধান।**—(১) বিধি ৬ এর অধীন স্ট্যাম্প লাগাইবার সময় কোন কারিগরী ত্রুটির কারণে যদি কোন স্ট্যাম্প নষ্ট হয়, তাহা হইলে উহা যথাযথভাবে সংরক্ষণ করিতে হইবে এবং নষ্ট হওয়া স্ট্যাম্পের সংখ্যা সংশ্লিষ্ট কর মেয়াদে ব্যবহৃত স্ট্যাম্পের মোট সংখ্যার ১% (এক) শতাংশের অধিক হইবে না।

(২) উপ-বিধি (১) এ বর্ণিত হারের অধিক স্ট্যাম্প নষ্ট হইলে বা নষ্ট হইয়াছে বলিয়া দেখানো হইলে উৎপাদনকারী বা আমদানিকারক উক্তরূপ নষ্ট হওয়া স্ট্যাম্প যেই সংখ্যক প্যাকেটে লাগানো যাইত সেই সংখ্যক প্যাকেটের উপর প্রযোজ্য হারে কর ও সম্পূরক শুল্ক, যদি থাকে, পরিশোধ করিবেন।

(৩) নষ্ট হওয়া স্ট্যাম্পের বিষয়ে সরেজমিনে পরীক্ষাপূর্বক নিশ্চিত হইয়া মূল্য সংযোজন কর বিভাগীয় কর্মকর্তা সংশ্লিষ্ট কমিশনারের অনুমোদনক্রমে, নষ্ট হওয়া স্ট্যাম্প নিজ তদারকিতে ধ্বংস করার ব্যবস্থা গ্রহণ করিবেন।

৮। **স্ট্যাম্প মওজুদ, সংরক্ষণ ইত্যাদি।**—(১) টয়লেট সাবানের উৎপাদনকারী বা আমদানিকারক কর্তৃক সংগৃহীত বা ক্রয়কৃত স্ট্যাম্প নিরাপদ স্থানে মওজুদ ও সংরক্ষণ করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ বর্ণিত টয়লেট সাবানের প্যাকেটে ব্যবহারের উদ্দেশ্যে উৎপাদনকারী বা আমদানিকারক পর্যাপ্ত পরিমাণ স্ট্যাম্প মওজুদ রাখিয়া নতুন ব্যান্ডরোল সংগ্রহ করিবেন।

৯। **স্ট্যাম্প ব্যবস্থার তত্ত্বাবধান ও পরিবীক্ষণ।**—(১) টয়লেট সাবান উৎপাদনের ক্ষেত্রে উৎপাদনস্থলে এবং আমদানির ক্ষেত্র ব্যবসাস্থলে বিধি ৬ দ্বারা নির্ধারিত পদ্ধতিতে স্ট্যাম্প লাগানোর প্রক্রিয়া পর্যবেক্ষণ ও নিশ্চিত করিবার লক্ষ্যে কমিশনার, প্রয়োজনে, তাহার অধীনস্থ কোন কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করিবেন এবং উক্ত কর্মকর্তা স্ট্যাম্পের জন্য **ফরম-১** অনুযায়ী ইস্যুকৃত সম্ভাব্য চাহিদাপত্র, **ফরম-২** অনুযায়ী নিশ্চিত চাহিদা আদেশ, **ফরম-৩** অনুযায়ী প্রাপ্ত ডেলিভারী আদেশ, মজুদ স্থিতি, স্ট্যাম্প ব্যবহার সম্পর্কিত ব্যবস্থাসহ অন্যান্য কার্যক্রম পর্যবেক্ষণ ছাড়াও সমগ্র বিষয়ে তাঁহার **ফরম-৪** অনুযায়ী সংশ্লিষ্ট রেজিস্টারে লিপিবদ্ধ করিবেন।

(২) বিধি ৬ এ বর্ণিত নির্দেশনা অনুসারে স্ট্যাম্প সংগ্রহ করিয়া উৎপাদিত বা আমদানিকৃত টয়লেট সাবানের প্যাকেটে উহা যথাযথভাবে ব্যবহার করা হইতেছে কিনা তাহা নিশ্চিত করিতে স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ের সুপারিনটেন্ডেন্ট প্রতি ১৫(পনের) দিনে কমপক্ষে একদিন এবং সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা প্রতি ১ (এক) মাসে অন্ততঃ একদিন সংশ্লিষ্ট উৎপাদনস্থল বা ব্যবসাস্থল পরিদর্শন করিবেন এবং কমিশনার প্রতি ৩ (তিন) মাসে অন্ততঃ একবার উৎপাদনস্থল বা ব্যবসাস্থল পরিদর্শন করিবেন।

(৩) উপ-বিধি (২) এর অধীন পরিদর্শনকালে কোন ধরনের অনিয়ম পাওয়া গেলে উক্ত সুপারিনটেনডেন্ট, বিভাগীয় কর্মকর্তা বা কমিশনার উক্ত বিষয়ে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণক্রমে উহা বোর্ডকে অবহিত করিবেন।

১০। **প্রতিবেদন।**—উৎপাদনকারী বা আমদানীকারক তাহারের সংগৃহীত স্ট্যাম্পের মওজুদ, ব্যবহার, মাসওয়ারী বিবরণ পরবর্তী মাসের ৭(সাত) কার্যদিবসের মধ্যে **ফরম-৫** অনুযায়ী স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে প্রেরণ করিবেন।

১১। **ব্যান্ডরোলের সঠিকতা যাচাই।**—সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা যে কোন সময় টয়লেট সাবান উৎপাদনকারী বা আমদানীকারক কর্তৃক সংগৃহীত বা ক্রয়কৃত স্ট্যাম্প সঠিকভাবে মওজুদ, সংরক্ষণ এবং যথাযথভাবে ব্যবহার করা হইতেছে কিনা উহার সঠিকতা যাচাই করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন।

১২। **অপরাধ ও দন্ড।**—বিধিমালায় বর্ণিত শর্তাদি পালনে কোন ব্যক্তি ব্যর্থ বা অপারগ হইলে, উক্তরূপ ব্যর্থতা বা অপারগতা হইবে একটি অপরাধ এবং আইনের বিধান অনুসারে উক্ত অপরাধ দন্ডযোগ্য হইবে।

**"তফসিল"**

**(বিধি ৪ দ্রষ্টব্য)**

| ধারকের নাম | পরিমাণ | স্ট্যাম্পের পরিমাণ | | স্ট্যাম্পের রং ও ডিজাইন | মূল্যমান |
|---|---|---|---|---|---|
| | | দৈর্ঘ্য (মিমি) | লেফ্ল্যাট/প্রস্থ (মিমি) | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| প্যাকেট | ৫১—৮০ গ্রাম | ২৩, ২৮, ৩৪, ৩৫ | | স্বচ্ছ পিইটি ফিল্মের উপর কমলা কালিতে পণ্যের ওজন (গ্রামে) ও বেগুনী কালিতে NBR মুদ্রিত এবং Covert-Overt-Feature সম্বলিত হলোগ্রাফিক ফয়েলযুক্ত। | মূল্য সংযোজন কর আইনের ধারা ৫ অনুযায়ী নির্ধারিত মূল্যের ভিত্তিতে যে পরিমাণ সম্পূরক শুল্ক (যদি থাকে) ও মূল্য সংযোজন কর প্রদেয় হয় সেই পরিমাণ অর্থ। |
| প্যাকেট | ৮১—৯০ গ্রাম | ২৮, ৩০, ৩১, ৩৩, ৩৪, ৩৫, ৩৮ | | | |
| প্যাকেট | ৯১—১০০ গ্রাম | ৩১, ৩১, ৩২, ৩৪, ৪৪ | ১৫ | | |
| প্যাকেট | ১০১—১২৫ গ্রাম | ৩০, ৩২, ৩৪, ৩৭, ৩৮, ৪২ | ১৫ | | |
| প্যাকেট | ১২৬ গ্রাম বা তদূর্ধ্ব | ৩৪, ৩৫, ৪০ | ১৫ | | |

"ফরম-১"
[বিধি ৯(১) দ্রষ্টব্য]

সম্ভাব্য মাসিক চাহিদা সংক্রান্ত পত্র নং ........................ তারিখ ........................ । অর্থবছর ........................, মাসের নাম........................

প্রাপক ঃ

জনাব ..............................................

..............................................

দি সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন (বাংলাদেশ) লিঃ, গাজীপুর-১৭০৩।

**বিষয় ঃ স্ট্যাম্পের জন্য নিবন্ধিত উৎপাদনকারী/আমদানিকারকের সম্ভাব্য মাসিক চাহিদাপত্র।**

| ক্রমিক নং | টয়লেট সাবানের ব্রান্ড নাম | প্যাকেটের ধরন ও পরিমাণ | চাহিদাকৃত স্ট্যাম্পের নাম ও সাইজ | স্ট্যাম্পের চাহিদার পরিমাণ (সংখ্যা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

প্রতিষ্ঠান কর্তৃপক্ষের স্বাক্ষর ও তারিখ ঃ

নাম ও পদবী ঃ

প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ

মূসক নিবন্ধন নং

মূসক নিবন্ধন নং

**"ফরম-২"**

**[বিধি ৯(১) দ্রষ্টব্য]**

উৎপাদনকারী/আমদানিকারকের নিশ্চিত চাহিদা আদেশ নং ................................ তারিখ ................................ । অর্থবছর ............................

প্রাপক ঃ

জনাব ............................................

............................................

দি সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন (বাংলাদেশ) লিঃ, গাজীপুর-১৭০৩।

**বিষয় ঃ সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন হতে স্ট্যাম্প সংগ্রহের লক্ষ্যে উৎপাদনকারী/আমদানিকারকের চাহিদাকৃত ও স্থানীয় মূল্য সংযোজন কর কর্তৃপক্ষের প্রত্যয়িত নিশ্চিত চাহিদা আদেশ।**

| ক্রমিক নং | টয়লেট সাবানের ব্রান্ড নাম | প্যাকেটের ধরন | প্রতি প্যাকেটের ওজন | প্যাকেটের মূসকযোগ্য মূল্য | চাহিদাকৃত স্ট্যাম্পের নাম ও সাইজসহ চাহিদা সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | | | | | |

চাহিদা অনুযায়ী স্ট্যাম্প সরবরাহ করা যায়।

কারখানায়/ব্যবসাস্থলে সংশ্লিষ্ট রাজস্ব এলাকার ইন্সপেক্টরের
স্বাক্ষর ও তারিখ এবং নামীয় সীল।

প্রতিষ্ঠান কর্তৃপক্ষের স্বাক্ষর ও তারিখ ঃ
নাম ও পদবী ঃ
প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ
মূসক নিবন্ধন নং

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১। বিভাগীয় কর্মকর্তা ..................................................

২। সার্কেল সুপারিনটেনডেন্ট ........................................

"ফরম-৩"

[বিধি ৯(১) দ্রষ্টব্য]

ডেলিভারি/সরবরাহ অর্ডার নম্বর ও তাং............................................ .......................

বিষয় ঃ মেসার্স ....................................................................................................ঠিকান... .....................................................

মূসক নিবন্ধন নং...........................................হতে..................................তারিখে প্রাপ্ত নিশ্চিত চাহিদা আদেশ নম্বর...............................

তারিখ ........................................... তে উল্লেখিত ও সংশ্লিষ্ট ইন্সপেক্টর কর্তৃক প্রত্যয়িত তথ্যাদির ভিত্তিতে সরবরাহকৃত স্ট্যাম্প সরবরাহ সংক্রান্ত।

| ক্রমিক নং | টয়লেট সাবানের ব্রান্ড নাম | প্যাকেটের ধরন ও পরিমাণ | সরবরাহকৃত স্ট্যাম্পের নাম, সাইজ ও সংখ্যা | | | চালকের নামসহ যানবাহন নম্বর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | নাম | সাইজ | সংখ্যা | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | | |

**বুঝিয়া পাইলাম।**

ক্রয় আদেশ প্রদানকারী প্রতিষ্ঠানের পক্ষে মূসক স্ট্যাম্প গ্রহণকারী ব্যক্তির নাম, পদবী, স্বাক্ষর ও তারিখ।

দি সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন (বাংলাদেশ) লিঃ, গাজীপুর এর স্ট্যাম্প সরবরাহকারী কর্মকর্তার নাম, পদবী, স্বাক্ষর নামীয় সীল ও তারিখ ঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ঃ

১। বিভাগীয় কর্মকর্তা ..................................................

২। সার্কেল সুপারিনটেনডেন্ট ......................................

"ফরম-৪"
[বিধি ৯(১) দ্রষ্টব্য]

**টয়লেট সাবান উৎপাদনকারী/আমদানিকারক প্রতিষ্ঠান কর্তৃক স্ট্যাম্প সংগ্রহ ও ব্যবহার বিষয়ে অর্থবছরওয়ারী সংরক্ষণীয় রেজিস্টার**

| | | | নিশ্চিত চাহিদা আদেশ অনুযায়ী প্রযোজ্য তথ্যাদি | | | | নিশ্চিত চাহিদা আদেশের বিপরীতে সিকিউরিটি কর্পোরেশন কর্তৃক ইস্যুকৃত ডেলিভারী অর্ডার এর তথ্যাদি | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| অর্থবছর | তারিখ | স্ট্যাম্পের জন্য ইস্যুকৃত নিশ্চিত চাহিদা আদেশ নং ও তারিখ | টয়লেট সাবানের ব্রান্ডের নাম | প্যাকেটের ধরন ও পরিমাণ | স্ট্যাম্পের নাম ও সাইজ | নিশ্চিত চাহিদা আদেশ অনুযায়ী চাহিদা সংখ্যা (নাম ও সাইজওয়ারী) | দি সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন কর্তৃক ইস্যুকৃত সরবরাহ/ ডেলিভারী অর্ডার নং ও তারিখ | দি সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন হতে স্ট্যাম্পের সংখ্যা (নাম ও সাইজ-ওয়ারী) | আলোচ্য চালানসহ চলতি অর্থবছরে প্রাপ্ত মোট স্ট্যাম্পের সংখ্যা (নাম ও সাইজ-ওয়ারী) | ব্যবহৃত স্ট্যাম্পের সংখ্যা (নাম ও সাইজ-ওয়ারী) | প্রজ্ঞাপনের অনুচ্ছেদ ৫ এর (ক) (৯) অনুযায়ী নষ্ট বা ব্যবহারের অযোগ্য হয়ে যাওয়া মোট স্ট্যাম্পের সংখ্যা (নাম ও সাইজ-ওয়ারী) | স্ট্যাম্পের সমাপনী জের (নাম ও সাইজ-ওয়ারী) | খালাসকৃত টয়লেট সাবানের প্যাকেটের সংখ্যা (ব্রান্ড-ওয়ারী) | মন্তব্য |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০. | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| | | | | | | | | | | | | | | |

"ফরম-৫"

[ বিধি ১০ দ্রষ্টব্য ]

টয়লেট সাবান উৎপাদনকারী/আমদানিকারক প্রতিষ্ঠান কর্তৃক স্ট্যাম্প সংগ্রহ, ব্যবহার ইত্যাদি বিষয়ে সংশ্লিষ্ট বিভাগীয় ও স্থানীয় মূল্য সংযোজন কর কর্তৃপক্ষকে প্রেরিতব্য মাসিক প্রতিবেদন।

| অর্থবছর | মাসের নাম বা সময়কাল (......... হইতে ............ তাং পর্যন্ত) | স্ট্যাম্পের জন্য ইস্যুকৃত নিশ্চিত চাহিদা আদেশ নং ও তাং | নিশ্চিত চাহিদা আদেশ অনুযায়ী টয়লেট সাবানের ব্রান্ডনাম | প্যাকেটের ধরন ও পরিমাণ | নিশ্চিত চাহিদা আদেশ অনুযায়ী স্ট্যাম্পের চাহিদা সংখ্যা (নাম ও সাইজওয়ারী) | নিশ্চিত চাহিদা আদেশের বিপরীতে দি সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন কর্তৃক প্রদত্ত ডেলিভারি অর্ডার নং ও তাং | ডেলিভারি অর্ডার অনুযায়ী প্রাপ্ত স্ট্যাম্পের সংখ্যা (নাম ও সাইজওয়ারী) | পূর্বজেরসহ এই মাসে বা মেয়াদে প্রাপ্ত মোট স্ট্যাম্পের সংখ্যা (নাম ও সাইজওয়ারী) | এই মাস বা মেয়াদে ব্যবহৃত স্ট্যাম্পের সংখ্যা (নাম ও সাইজওয়ারী) | এই মাস বা মেয়াদে নষ্ট বা ব্যবহারের অযোগ্য হয়ে যাওয়া স্ট্যাম্পের সংখ্যা (নাম ও সাইজওয়ারী) | এই মাস বা মেয়াদের শেষ দিনে (........ তারিখে) স্ট্যাম্পের সমাপনি জের (নাম ও সাইজওয়ারী) | এই মাস বা মেয়াদে খালাসকৃত টয়লেট সাবানের প্যাকেটের সংখ্যা (ব্রান্ডওয়ারী) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| | | | | | | | | | | | | | |

প্রতিষ্ঠান কর্তৃপক্ষের স্বাক্ষর
ও তাং
(নামীয় সীল)

প্রাপক ঃ

১। ডেপুটি/সহকারী কমিশনার, ........................................... বিভাগ।
২। সুপারিনটেনডেন্ট, ........................................... সার্কেল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**মোঃ আব্দুল কাফী**
প্রথম সচিব
মূসক (নীতি ও বাজেট)।

শেখ মোঃ মোবারক হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।